

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ১৬ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/২৯ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং-১০৪-আইন/২০১৯।—যেহেতু, Essential Services (Second) Ordinance, 1958 (Ordinance No. XLI of 1958) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ৩০ চৈত্র ১৪০৫ বঙ্গাব্দ মোতাবেক ১৩ এপ্রিল ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৭৩ আইন/৯৯ শ্রকম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ১০ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৪ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৭৪-আইন/২০১৮ দ্বারা উক্ত প্রযোজ্যতা ৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১২ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে উত্তীর্ণ হইয়াছে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ৬(ছয়) মাস বর্ধিত করিল।

২। ইহা ১৩ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ টি এম সাইফুল ইসলাম  
উপসচিব (শ্রম)।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫২৯৯)

মূল্য : টাকা ৪.০০